

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ পরিবহন মন্ত্রণালয়

জাহাজ শাখা

পরিপত্র

তারিখ : ৩০ ফাল্গুন ১৪৩০/১৪ মার্চ ২০২৪

নং ১৮.০১৯.০২৫.০০.০০.০০১.২০১৩-৬২—বাংলাদেশী বন্দরসমূহের মাধ্যমে বিপজ্জনক পণ্য (Dangerous Goods) পরিবহনে IMDG (International Maritime Dangerous Goods) এবং IMSBC (International Maritime Solid Bulk Cargoes) কোড বাস্তবায়নের জন্য International Convention for the Safety of Life at Sea (SOLAS), 1974 রেগুলেশন VII/3; SOLAS 1974, রেগুলেশন VII/5-7; IMDG কোড, সেকশন 1.2.1; III কোড, অনুচ্ছেদ 57 অনুযায়ী নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে Carriage of Dangerous Goods Competent Authority (CDGCA) Committee গঠন করা হলো:

ক	মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর	সভাপতি
খ	উপসচিব (জাহাজ), নৌ পরিবহন মন্ত্রণালয়	সদস্য
গ	বাংলাদেশ নৌবাহিনীর নৌপ্রধানের একজন প্রতিনিধি	সদস্য
ঘ	বন্দর কর্তৃপক্ষের পরিচালক ট্রাফিক/হারবার মাস্টার	সদস্য
ঙ	বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের একজন প্রতিনিধি	সদস্য
চ	বিস্কোরক অধিদপ্তরের একজন প্রতিনিধি	সদস্য
ছ	কাস্টমস কমিশনারের একজন প্রতিনিধি	সদস্য
জ	বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের একজন প্রতিনিধি	সদস্য
ঝ	পরিবেশ অধিদপ্তরের একজন প্রতিনিধি	সদস্য

(৩২৮৩)

মূল্য : টাকা ৪.০০

ঞ	Bangladesh National Authority of Chemical Weapon Convention (BNACWC) এর একজন প্রতিনিধি	সদস্য
ট	রপ্তানি ও আমদানি বিভাগের একজন প্রতিনিধি	সদস্য
ঠ	Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI) এর একজন প্রতিনিধি	সদস্য
ড	Bangladesh Road Transport Authority	সদস্য
ঢ	Bangladesh Shipping Agents' Association (BSAA) এর একজন প্রতিনিধি	সদস্য
ণ	Bangladesh Ocean Going Ship Owners, Association (BOGSOA)	সদস্য
ত	Bangladesh Inland Container Depots Association (BICDA)	সদস্য
থ	প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম	সদস্য-সচিব

২। CDGCA Committee কার্যকর মনিটরিং, সম্পাদন এবং বাস্তবায়নের জন্য যে কোনো বিভাগ/কর্তৃপক্ষ থেকে যে কোনো সদস্যকে কোঅপ্ট করতে পারবে।

৩। CDGCA Committee এর কার্যাবলী:

- (ক) বিপজ্জনক পণ্য (Dangerous Goods) পরিবহনে IMDG এবং IMSBC কোডের নীতি প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রচারের দায়িত্ব পালন করবে;
- (খ) বিপজ্জনক পণ্য পরিবহনে উক্ত কোডদ্বয়ের বিধান প্রতিপালন ও যাচাইকরণ;
- (গ) বিপজ্জনক পণ্য পরিবহনে উক্ত কোডদ্বয়ের আওতায় বিধান অনুসারে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা;
- (ঘ) প্রয়োজন অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রশিক্ষণ প্রদান নিশ্চিতকরণ।

৪। প্রতি ছয় মাসে অন্তত একবার CDGCA Committee সভা আহ্বান করবে।

৫। CDGCA কমিটি ইনল্যান্ড কন্টেইনার ডিপো (ICD) নীতি ২০১৬ এর বাস্তবায়ন পর্যবেক্ষণ করবে।

৬। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর অথবা তদকর্তৃক মনোনীত প্রিন্সিপাল অফিসার কিংবা যে কোনো সার্ভেয়ার বাংলাদেশী বন্দরসমূহের মাধ্যমে বিপজ্জনক পণ্য (Dangerous Goods) পরিবহনে Competent Authority এর দায়িত্ব পালন করবেন এবং বিপজ্জনক পণ্য পরিবহনে নিয়মিত পরিদর্শন, অনুমোদন, অনুমতি কিংবা অব্যাহতি প্রদান করবেন।

৭। জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ আলী আহসান

উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd